গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দীন রোড, ঢাকা

# ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের সেবা সহজীকরণ প্রতিশ্রুতি মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফায়ার লাইসেন্স প্রচলিত ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটাল সিস্টেমের মাধ্যমে অনলাইনে প্রদান করা হবে। যা 'ই-ফায়ার লাইসেন্স' সেবা নামে পরিচিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান ও ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদির মালিক/দখলদারগণকে অবহিত করা যাচ্ছে যে:

- আগামী ০১ মে ২০২৬ তারিখ হতে সকল নতুন ই-ফায়ার লাইসেন্স প্রাপ্তি, বিদ্যমান ফায়ার লাইসেন্স নবায়ন, রি:ইস্যু ও সংশোধন সংক্রান্ত সরকারি ফি প্রদানসহ যাবতীয় কার্যক্রম শুধুমাত্র অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং QR কোড সংবলিত ই-ফায়ার লাইসেন্স গ্রহণ করতে হবে।
- উল্লিখিত তারিখের পর থেকে কাগজে বা সরাসরি লাইসেন্স সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।
- ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত আবেদন ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা অধিদপ্তরের ওয়েবসাইট www.fireservice.gov.bd অথবা ই-ফায়ার লাইসেন্সের জন্য নির্ধারিত ওয়েবসাইট elicense.fireservice.gov.bd এ পাওয়া যাবে।
- ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত ফি অনলাইন পেমেন্ট গেটওয়ে এর মাধ্যমে ঘরে বসেই পরিশোধ করা যাবে এবং অনলাইন চালান (aChallan) পাওয়া যাবে।
- প্রয়োজনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভাগীয়/জেলা কার্যালয়ের হেল্প ডেস্ক/ওয়ান স্টপ সার্ভিস সেন্টার হতে ই-ফায়ার লাইসেন্স সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া যাবে।
- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি ২০২৫ তারিখে ৫৮.০০.০০০০.০৫২.০২.০০১.২৫-২৩ স্মারকমূলে জারিকৃত পরিপত্র এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০২৬ তারিখ এবং ৪৪.০০.০০০০.০০০.১৮৪.০১.০০০১.২৬-০৮ স্মারকমূলে জারিকৃত পত্রের আলোকে লাইসেন্স ফি নির্ধারিত হবে।
- জালিয়াতি ও ভবিষ্যৎ জটিলতা প্রতিরোধে সকলকে কিউআর কোডযুক্ত ই-ফায়ার লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।**

২৯।০৪।২০২৬

লেঃ কর্নেল মোঃ মাহমুদুল হাসান, পিএসসি
পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স)